গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-১ অধিশাখা
www.mefwd.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২/১১/২০২২ অনুষ্ঠিত অবহিতকরণ সভা-এর কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শাহ্ আলম, অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ০২/১১/২০২২, সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এর সভাকক্ষ, টাঙ্গাইল |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সূচনা বক্তব্যে তিনি 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা'-এর গুরুত্ব তুলে ধরেন। সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ যথাযথভাবে প্রদানে সংশ্লিষ্ট সকলে আরও আন্তরিক হবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় অন্যতম কার্যক্রম হিসেবে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম অবহিতকরণ সভা স্টেকহোল্ডার হিসেবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার প্রতিনিধিগণের সমন্বয়ে অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরও বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিষয়ে মাঠ পর্যায়ে কর্মরত সকলকে উদ্দুদ্ধকরণের লক্ষ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম অবহিতকরণ সভাটি টাঙ্গাইল জেলায় আয়োজন করা হয়েছে। এছাড়াও তিনি এ সভার মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থার হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)-বিষয়ে সকলে সম্যক ধারণা অর্জন করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

০৩। সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতির কাঠামোসহ-এর আন্তর্গত বিভিন্ন ধরণের সেবা (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীন সেবা) সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। এ বিভাগ এবং অধিদপ্তরের কর্মকর্তাগণ আলোচনায় অংশ নিয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে মতামত ব্যক্ত করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবাসমূহ আওতাধীন স্টেকহোল্ডারগণকে প্রদান করতে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া মর্মে সভায় জানানো হয়। পরবর্তী ত্রৈমাসিক হালনাগাদ সিটিজেনস চার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২২) আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে চূড়ান্ত করে তা ওয়েবসাইটে আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

০৪। সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় দেখা যায় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উহা প্রণয়ন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি ডকুমেন্টে 'নাগরিক সেবা'- শ্রেণির আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর প্রদত্ত পরিবার পরিকল্পনা সংশ্লিষ্ট সেবা যেমন মা ও শিশু স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা, কিশোর- কিশোরীদের স্বাস্থ্য সেবা, বাল্য বিবাহ প্রতিরোধ, কাউসিলিং ইত্যাদি অন্তর্ভূক্ত করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৫। সভায় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। 'নাগরিক সেবা' শ্রেণির আওতায় সেবা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা পূর্বক সমৃদ্ধ করা প্রয়োজন মর্মে পরামর্শ প্রদান করা হয়।

০৬। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কতিপয় ক্ষেত্রে সংশোধনপূর্বক সমৃদ্ধ করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন-এর সহায়তা নেয়ার পরামর্শ প্রদান করা হয়।

০৭। জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রণয়নকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির বিভিন্ন বিষয়াদি পর্যালোচনাপূর্বক আরও সমৃদ্ধ করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

০৮। এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের প্রতিটি সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক প্রদান নিশ্চিতের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক যথাযথভাবে প্রদান করা হচ্ছে কীনা, তা নিশ্চিতের লক্ষ্যে সেবা প্রদান কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করার ওপরও সভায় গুরুত্বারোপ করা হয়।

০৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি-এর আওতায় নির্ধারিত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক নির্ধারিত পদ্ধতি ও সময়সীমা অনুযায়ী প্রদান নিশ্চিত করতে হবে;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২২) ভিত্তিক হালনাগাদ কার্যক্রম আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের (মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে এবং অধিদপ্তর কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে) নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে;

(গ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর-এর সেবা প্রদান প্রতিশ্রুতি-এর অন্তর্গত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক প্রদান করা হচ্ছে কীনা, তা নিশ্চিতের লক্ষ্যে সেবা প্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করতে হবে;

(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।

১০। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

- স্বাক্ষরিত -
(মোঃ শাহ্ আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৯.৯৯.০২৮.২২.৯৫১/১(৮)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯
২৮ নভেম্বর ২০২২

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)/ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) অতিরিক্ত সচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ এবং আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, স্বাস্থ্য শিক্ষা ও

পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫) যুগ্মসচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা

৮) উপসচিব, জনসংখ্যা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৯) প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটের সেবা প্রতিশ্রুতি বক্সে আপলোডের অনুরোধসহ)


(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব
ফোন- ৫৫১০০৭৯৫
per1@mefwd.gov.bd